

ঢাকা ওয়াসা

Name of the Work: Construction of flower Cage in front of Open Tinshed Godown no. 1 & 4 at Store Division Compound, Dhaka WASA.

অনুচ্ছেদ ১.০

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। পাগলাহু ভান্ডার বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মডুস জোন, রাজস্ব জোন ও অফিসের সংগ্রহকৃত মালামাল ভান্ডার বিভাগে জমা রাখা হয়। এছাড়াও বিভিন্ন বিভাগ/প্রকল্পের পুরাতন ও ব্যবহার অনুপযোগী মালামাল এম.আর.এস. এর মাধ্যমে ভান্ডার বিভাগে জমা করা হয়। অত্র বিভাগ কর্তৃক উক্ত মালামালসমূহ মজুদ, সংরক্ষণ ও বিতরণ করা হয়ে থাকে। অত্র বিভাগে পর্যাপ্ত বদ্ধ গুদাম এবং উন্মুক্ত শেড না থাকায় মালামালের প্রকৃতিভেদে অপেক্ষাকৃত ক্ষুদ্র ও মূল্যবান মালামাল সমূহ বদ্ধ গুদামে এবং অপেক্ষাকৃত বড় ও ভারী মালামাল সমূহ যথাক্রমে উন্মুক্ত শেড ও খোলা মাঠে সংরক্ষণ করা হয়। উক্ত মূল্যবান মালামালসমূহ বিভিন্ন সময়ে ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মডুস জোন, রাজস্ব জোন ও অফিসের উদ্ধর্তন কর্মকর্তাবৃন্দ ও পরামর্শক প্রতিষ্ঠানের দেশি/বিদেশি কর্মকর্তাবৃন্দ পরিদর্শন করে থাকেন। ভান্ডার বিভাগটি শ্যামপুর শিল্প এলাকা সংলগ্ন হওয়ায় প্রায়শই পুরো এলাকা ভারী শিল্প কল-কারখানার মারাত্মক বিষাক্ত ধোয়ায় আচ্ছন্ন হয়ে পড়ে। বায়ু দূষণ হতে রক্ষা পেতে এবং ভান্ডার বিভাগের পরিপাণ্ডিক সৌন্দর্য বৃদ্ধি, পরিবেশের ভারসাম্য রক্ষা ও সবুজায়নের লক্ষ্যে ওপেন টিনশেড গোডাউন ১ ও ৪ এর সম্মুখে ফ্লাওয়ার কেইজ স্থাপন করতঃ বিভিন্ন প্রজাতির ফুলের চারা রোপন করে দৃষ্টিনন্দন করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১

উপর্যুক্ত বর্ণনার আলোকে "Construction of flower Cage in front of Open Tinshed Godown no. 1 & 4 at Store Division Compound, Dhaka WASA" কাজটি করার জন্য পিডব্লিউডি-২০২২ (রিভাইজড) দর ও পূর্বানুমোদিত দরের (সংযুক্তি-৩) ভিত্তিতে একটি প্রাক্কলন (সংযুক্তি-৫) প্রস্তুত করা হয়েছে। যাতে মোট প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৪,৯৫,৫০০.০০ (চার লক্ষ পঁচানব্বই হাজার পাঁচ শত) টাকা মাত্র। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-১০৭, প্যাকেজ-বি.২২.৩৮ এ (সংযুক্তি-১) অন্তর্ভুক্ত আছে। কাজটির ব্যয়ভার ভান্ডার বিভাগের চলতি ২০২৪-২৫ অর্থ বছরের সংশোধিত বাজেট বরাদ্দের "ভান্ডার রক্ষণাবেক্ষণ" খাত (কোড: ০১-০৪-০০৮) হতে নির্বাহ করা হবে।

অনুচ্ছেদ ১.২

আলোচ্য কাজটি অতীব জরুরি ও স্বল্পমূল্যের বিধায় পিপিআর-২০০৮ এর ৬৩ নং বিধি ১(খ) মোতাবেক Limited Tendering Method (LTM) প্রক্রিয়ায় দরপত্র আহবান করা হবে এবং STD Form PW-2b অনুসরণে দরপত্র দলিল তৈরি করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, Store Division, Dhaka WASA কে রাখা হবে। কাজটির দরপত্র আহ্বান, NOA ইস্যু, চুক্তি সম্পাদন ও বাস্তবায়নসহ যাবতীয় কাজ Executive Engineer, Store Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে। আলোচ্য কাজটি বাস্তবায়ন শেষে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এস.এম.ডব্লিউ.সি. সার্কেল এবং টার্কফোর্স টিম-৩ এর প্রত্যয়ন সাপেক্ষে চূড়ান্ত করা হবে।

সংযুক্তি-১	ভান্ডার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
সংযুক্তি-২	খসড়া নকশা।
সংযুক্তি-৩	পূর্বানুমোদিত দর।
সংযুক্তি-৪	ক্যালকুলেশন শীট।
সংযুক্তি-৫	প্রাক্কলন।
সংযুক্তি-৬	প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.৩

এমতাবস্থায়, "Construction of flower Cage in front of Open Tinshed Godown no. 1 & 4 at Store Division Compound, Dhaka WASA" শীর্ষক কাজটি পিপিআর-২০০৮ এর ৬৩ নং বিধি ১(খ) মোতাবেক Limited Tendering Method (LTM) প্রক্রিয়ায় সম্পাদনের লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট ৪,৯৫,৫০০.০০ (চার লক্ষ পঁচানব্বই হাজার পাঁচ শত) টাকা মাত্র প্রাক্কলনটি অনুমোদন করা যেতে পারে। Sub-Delegation of Financial Power অনুযায়ী আলোচ্য কাজের প্রাক্কলনটি তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এস.এম.ডব্লিউ.সি. সার্কেল, মহোদয়ের অনুমোদনের আওতাধীন। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।

RM
18/06/25
মোঃ রাহমান আলী
উপ-সহকারী প্রকৌশলী
ভান্ডার বিভাগ, ঢাকা ওয়াসা।

PAUL SARKER
Assistant Engineer
Store Division, Dhaka WASA

18/06/2025
মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী (অ: দাঃ)
ভান্ডার বিভাগ, ঢাকা ওয়াসা।

SE (SM/PC)

৩.৪১ প্রত্যয়ন অনুমোদিত।

19/06/25
মোহাম্মদ হুমায়ুন কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অ: দাঃ)
এস.এম.ডব্লিউ.সি. সার্কেল
ঢাকা ওয়াসা।